



বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।
ক্রেডিট বিভাগ



ফোন : ০২-২২৩৩৮৮৯৪০, ই-মেইল dgmpid@krishibank.org.bd

মুজিববর্ষের প্রতিশ্রুতি
আর্থিক খাতের অগ্রগতি

নং- বিকেবি-প্রকা/ক্রেবি (শাখা-১)/১৩/২০২১-২০২২/ ১৪৪(১২৫০)
মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

তারিখঃ ২৬.০৭.২০২১

বিষয়ঃ পর্যটন খাতের হোটেল/মোটেল/ শ্বিম পার্ক- এর কর্মচারীদের বেতন-ভাতা পরিশোধের লক্ষ্যে ব্যাংক ব্যবস্থার মাধ্যমে ৪(চার) শতাংশ সুদে ১(এক) হাজার কোটি টাকা ওয়ার্কিং ক্যাপিটাল ঋণ/বিনিয়োগ সুবিধা প্রদান প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়ের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ এর ১৫.০৭.২০২১ তারিখের বিআরপিডি সার্কুলার নং-১৬ এবং ১৮.০৭.২০২১ তারিখের সূত্র নংবিআরপিডি (পি-১)/৬৬১/১৩/২০২১-৬১৬৪ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

০২। উপরোক্ত সার্কুলার ও পত্রের নির্দেশনা এবং অত্র ব্যাংকের বিধি বিধান অনুসরণপূর্বক সংশ্লিষ্ট খাতে ওয়ার্কিং ক্যাপিটাল ঋণ/বিনিয়োগ এর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

সংযুক্তিঃ বর্ণনামতে।

আপনার বিশ্বস্ত,

(মোহাম্মদ মঈনুল ইসলাম)

উপমহাব্যবস্থাপক

নং- বিকেবি-প্রকা/ক্রেবি(শাখা-১)/১৩/২০২১-২০২২/ ১৪৪(১২৫০)
সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

তারিখঃ ২৬.০৭.২০২১

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৫। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৬। নথি/মহানথি।


(মোঃ এনামুল হোসেন)

সহকারী মহাব্যবস্থাপক



ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।



website: www.bb.org.bd



বিআরপিডি সার্কুলার নং- ১৬


ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,



পর্যটন খাতের হোটেল/মোটেল/খিম পার্ক-এর কর্মচারীদের বেতন-ভাতা পরিশোধের লক্ষ্যে ব্যাংক ব্যবস্থার মাধ্যমে ৪(চার) শতাংশ সুদে ১(এক) হাজার কোটি টাকা ওয়ার্কিং ক্যাপিটাল ঋণ/বিনিয়োগ সুবিধা প্রদান প্রসঙ্গে।

নভেল করোনা ভাইরাস (COVID-19) এর চলমান সংক্রমণের কারণে আরোপিত বিধিনিষেধের ফলে ক্ষতিগ্রস্ত নিম্ন আয়ের মানুষের অনুকূলে আর্থিক সহায়তা প্রদানের নিমিত্ত পর্যটন খাতের হোটেল/মোটেল/খিম পার্কের কর্মচারীদের বেতন-ভাতা পরিশোধের জন্য ১৩ জুলাই ২০২১ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী ব্যাংক ব্যবস্থার মাধ্যমে ৪(চার) শতাংশ সুদে ওয়ার্কিং ক্যাপিটাল বাবদ ঋণ সহায়তা প্রদানের লক্ষ্যে ১(এক) হাজার কোটি টাকার আর্থিক সহায়তা প্যাকেজ ঘোষণা করেন। উক্ত প্যাকেজের আওতায় বাণিজ্যিক ব্যাংকগুলো তাদের নিজস্ব তহবিল থেকে করোনা ভাইরাসের প্রাদুর্ভাব ক্ষতিগ্রস্ত হোটেল/মোটেল/খিম পার্কসমূহকে ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে ১(এক) বছর মেয়াদে ওয়ার্কিং ক্যাপিটাল বাবদ ঋণ/বিনিয়োগ সুবিধা প্রদান করবে। গ্রাহক পর্যায়ে সুদ/মুনাফার হার সহনীয় করার লক্ষ্যে উক্ত প্যাকেজের আওতায় ঋণ/বিনিয়োগের বিপরীতে নির্ধারিত সুদ/মুনাফার হার হবে সর্বোচ্চ ৮(আট) শতাংশ। উক্ত সুদ/মুনাফার অর্ধেক অর্থাৎ ৪(চার) শতাংশ ঋণগ্রহীতা প্রতিষ্ঠান পরিশোধ করবে এবং অবশিষ্ট ৪(চার) শতাংশ সরকার কর্তৃক ভর্তুকি হিসেবে প্রদান করা হবে। এ প্যাকেজের আওতায় বহু ঋণগ্রহীতা প্রতিষ্ঠান সুবিধা প্রদানের ক্ষেত্রে নিম্নবর্ণিত নির্দেশনাসমূহ অনুসরণীয় হবে:



২) ঋণ/বিনিয়োগ ব্যবস্থাপনাঃ

- এ প্যাকেজের আওতায় ঋণ/বিনিয়োগ অনুমোদন ও বিতরণের ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের বিদ্যমান নীতিমালাসহ মহাব্যবস্থাপক ব্যাংকের নিজস্ব ঋণ/বিনিয়োগ নীতিমালা অনুসরণীয় হবে;
- সরকার কর্তৃক ভর্তুকি বাবদ প্রদত্ত সুদ/মুনাফার অংশ বাংলাদেশ ব্যাংক এর প্রধান কার্যালয় এর একাউন্টস এন্ড বাজেটিং ডিপার্টমেন্ট এর মাধ্যমে প্রদান করা হবে। উক্ত ভর্তুকি বাবদ সুদ-মুনাফার পুনর্ভরণ গ্রহণ সংক্রান্ত কার্যক্রম সংশ্লিষ্ট ব্যাংকের প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস কর্তৃক সম্পাদিত হতে হবে।

৩) ব্যাংকওয়ারী ঋণ/বিনিয়োগের সীমাঃ

এ প্যাকেজের আওতায় ঋণ/বিনিয়োগ প্রদানের লক্ষ্যে প্রতিটি ব্যাংক তাদের নিজস্ব সীমা নির্ধারণপূর্বক উক্ত সীমার উপর ভিত্তি করে ঋণ/বিনিয়োগ কার্যক্রম আরম্ভ করবে। ব্যাংক কর্তৃক নির্ধারিত ঋণ/বিনিয়োগের সীমা আগামী ২৫ জুলাই ২০২১ তারিখের মধ্যে 'সংযোজনী-ক' অনুযায়ী ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ বরাবর প্রেরণ করতে হবে (সফটকপিসহ ইমেইল salauddin.tapadar@bb.org.bd এবং mahmudur.reza@bb.org.bd)। ব্যাংকসমূহ হতে সীমা সংক্রান্ত তথ্য প্রাপ্তির পর চাহিদা ও তহবিলের পর্যাণ্ততার উপর ভিত্তি করে ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ কর্তৃক চূড়ান্ত সীমা নির্ধারণ করে ব্যাংকসমূহকে অবহিত করা হবে এবং সে মোতাবেক ব্যাংক ঋণ কার্যক্রম পরিচালনা করবে।

৪) ঋণ/বিনিয়োগের প্রকৃতি ও মেয়াদঃ

এ প্যাকেজের আওতায় প্রদত্ত ঋণ/বিনিয়োগ Working Capital under Stimulus Package (Tourism Sector) নামে অভিহিত হবে এবং সিএল-২ বিবরণীতে রিপোর্ট করতে হবে। প্রতিটি ঋণ/বিনিয়োগের মেয়াদ হবে সর্বোচ্চ ১(এক) বছর। ঋণ/বিনিয়োগ গ্রহীতা প্রতিষ্ঠানের ব্যবসায়িক লেনদেন সম্ভোষণক হলে ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে ঋণ/বিনিয়োগ সুবিধাটি নবায়ন করা যাবে। তবে আলোচ্য প্যাকেজের আওতায় প্রদত্ত ঋণ/বিনিয়োগের উপর সুদ/মুনাফা বাবদ ভর্তুকি ১(এক) বছরের জন্য প্রাপ্য হবে।

৫) সুদ/মুনাফার হারঃ

এ প্যাকেজের আওতায় সুদ/মুনাফার হার হবে সর্বোচ্চ ৮(আট) শতাংশ। প্রদত্ত ঋণ/বিনিয়োগের উপর আরোপিত সুদ/মুনাফার অর্ধেক অর্থাৎ ৪(চার) শতাংশ ঋণ/বিনিয়োগ গ্রহীতা প্রতিষ্ঠান কর্তৃক পরিশোধ করতে হবে এবং অবশিষ্ট ৪(চার) শতাংশ সরকার ভর্তুকি হিসেবে সংশ্লিষ্ট ব্যাংককে প্রদান করবে।

৬) ঋণ/বিনিয়োগ ও ভর্তুকি প্রাপ্যতাঃ

- ক) যে সকল হোটেল/মোটেল/খিম পার্ক ব্যবসা প্রতিষ্ঠানসমূহ সরকার এবং বাংলাদেশ ব্যাংক কর্তৃক ঘোষিত প্রণোদনা প্যাকেজসমূহ হতে ইতিপূর্বে কোন সুবিধা গ্রহণ করেনি সে সকল হোটেল/মোটেল/খিম পার্ক ব্যবসা প্রতিষ্ঠানসমূহ তাদের কর্মচারীদের বেতন-ভাতা পরিশোধের লক্ষ্যে এ প্যাকেজের আওতায় ঋণ/বিনিয়োগ সুবিধা গ্রহণ করতে পারবে;
- খ) ঋণ/বিনিয়োগ গ্রহণে ইচ্ছুক আবেদনকারী যে ব্যাংকের মাধ্যমে বর্তমানে লেনদেন করে থাকে সে ব্যাংকের মাধ্যমে এ প্যাকেজের আওতায় ঋণ/বিনিয়োগ সুবিধা গ্রহণ করতে পারবে। যে সকল প্রতিষ্ঠান একাধিক ব্যাংকের মাধ্যমে লেনদেন করে থাকে সে সকল প্রতিষ্ঠান লেনদেনকৃত ব্যাংকসমূহের যেকোন একটি ব্যাংকের মাধ্যমে আবেদন করতে পারবে। তবে এক্ষেত্রে অন্য কোন ব্যাংকের মাধ্যমে ঋণ/বিনিয়োগ সুবিধা গ্রহণ করেনি মর্মে প্রত্যয়নপত্র দাখিল করতে হবে;
- গ) এ প্যাকেজের আওতায় বিতরণকৃত ঋণ/বিনিয়োগের উপর ত্রৈমাসিক ভিত্তিতে (মার্চ, জুন, সেপ্টেম্বর ও ডিসেম্বর) আরোপিত সুদ/মুনাফার যে অংশ ঋণগ্রহীতা কর্তৃক প্রদেয় (৪ শতাংশ) সে অংশ পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে পরিশোধিত হলে সরকারের নিকট হতে সুদ/মুনাফার বিপরীতে অবশিষ্ট ৪(চার) শতাংশ ভর্তুকি হিসেবে ব্যাংক প্রাপ্য হবে। ঋণ/বিনিয়োগ গ্রহীতা সময়মতো সুদ/মুনাফা পরিশোধ না করার কারণে ব্যাংক কর্তৃক সরকারি ভর্তুকি পাওয়া না গেলে উক্ত ৪(চার) শতাংশ সুদ/মুনাফা ঋণগ্রহীতাকে বহন করতে হবে।

৭) ঋণ/বিনিয়োগের বিপরীতে ভর্তুকি বাবদ সুদ/মুনাফার অর্থ পুনর্ভরণ প্রক্রিয়াঃ

- ক) ব্যাংক প্রতি ত্রৈমাসিক (মার্চ/জুন/সেপ্টেম্বর/ডিসেম্বর) শেষে পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে উক্ত ত্রৈমাসিক পর্যন্ত প্রদত্ত ঋণ/বিনিয়োগের বিপরীতে ভর্তুকি প্রাপ্তির লক্ষ্যে 'সংযোজনী-খ' অনুযায়ী বাংলাদেশ ব্যাংকের একাউন্টস এন্ড বাজেটিং ডিপার্টমেন্ট বরাবর আবেদন করবে। আবেদনপত্রের সাথে ব্যাংক কর্তৃক পর্যটন খাতের হোটেল/মোটেল/খিম পার্ক হিসেবে ব্যবসা পরিচালনার উদ্দেশ্যে গৃহীত ট্রেড লাইসেন্স/সংশ্লিষ্ট সরকারি দপ্তরের অনুমোদনের কপি, এ প্যাকেজের আওতায় গৃহীত ঋণ/বিনিয়োগের মাধ্যমে যে সকল কর্মচারীদের বেতন-ভাতা পরিশোধ করা হয়েছে তাদের তালিকা এবং সংশ্লিষ্ট ব্যাংকের মঞ্জুরীপত্র দাখিল করতে হবে;
- খ) একাউন্টস এন্ড বাজেটিং ডিপার্টমেন্ট এরূপ আবেদন প্রাপ্তির পর তা দ্রুততম সময়ের মধ্যে যাচাইপূর্বক ভর্তুকি বাবদ প্রাপ্য সুদ/মুনাফার অর্থ বাংলাদেশ ব্যাংকের সাথে রক্ষিত সংশ্লিষ্ট ব্যাংকের চলতি হিসাবে জমাপূর্বক ব্যাংক-কে অবহিত করবে।

৮) তথ্য প্রেরণঃ

এ প্যাকেজের আওতায় ব্যাংক কর্তৃক প্রদত্ত ঋণ/বিনিয়োগ এর তথ্য 'সংযোজনী-গ' অনুযায়ী পাক্ষিক (প্রতি মাসের ১৫ তারিখ এবং শেষ তারিখ) ভিত্তিতে পরবর্তী ৩(তিন) কর্মদিবসের মধ্যে ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ-এ প্রেরণ করতে হবে।

৯) পুনঃঅর্থায়ন সুবিধাঃ

এ প্যাকেজের আওতায় ঋণ/বিনিয়োগ প্রদানের নিমিত্ত ব্যাংকের তারল্য সরবরাহ নিশ্চিতকল্পে বিতরণকৃত ঋণ/বিনিয়োগের ৫০(পঞ্চাশ) শতাংশ অর্থ বাংলাদেশ ব্যাংকের নিকট হতে পুনঃঅর্থায়ন সুবিধা গ্রহণ করা যাবে। উক্ত পুনঃঅর্থায়ন সুবিধার বিপরীতে সুদ/মুনাফার হার হবে ৪(চার) শতাংশ এবং মেয়াদ হবে পুনঃঅর্থায়ন সুবিধা গ্রহণের তারিখ হতে ১(এক) বছর। এ প্যাকেজের আওতায় পুনঃঅর্থায়ন গ্রহণে ইচ্ছুক ব্যাংক কর্তৃক ডিপার্টমেন্ট অব অফসাইট সুপারভিশন (ডিওএস) এর সাথে একটি অংশগ্রহণমূলক চুক্তি স্বাক্ষর করতে হবে। এছাড়াও পরিচালনাগত যাবতীয় কার্যক্রম ডিওএস কর্তৃক সম্পাদিত হবে এবং এ সংক্রান্ত প্রয়োজনীয় নির্দেশনা ডিওএস কর্তৃক প্রদান করা হবে।

১০) ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

সংযোজনীঃ বর্ণনা মোতাবেক।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ আলী আকবর ফরাজী)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০২৫২

সংযোজনী-ক

বিআরপিডি সার্কুলার নং-১৬/২০২১ এর আওতায় পর্যটন খাতে ঋণ/বিনিয়োগ সুবিধা প্রদানের লক্ষ্যে চাহিদাপত্র

ব্যাংকের নাম:

(টাকায়)

ক্রম	হোটেল/মোটেল/খিম পার্কের অনুকূলে প্রদত্ত মোট ঋণ/বিনিয়োগের স্থিতি (৩১/১২/২০২০ ভিত্তিক)	হোটেল/মোটেল/খিম পার্কের অনুকূলে আলোচ্য প্যাকেজের আওতায় ঋণ/বিনিয়োগ বিতরণের উদ্দেশ্যে মোট চাহিদার পরিমাণ	মন্তব্য
(১)	(২)	(৩)	(৪)

সংযোজনী- এর বিষয়ে যোগাযোগের জন্য

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম :

পদবী:

অফিস ফোন নং:

মোবাইল ফোন নং:

ই-মেইল:

স্বাক্ষর

নাম ও পদবীসহ

বিআরপিডি সার্কুলার নং-১৬/২০২১ এর আওতার গণটন খাতে প্রদত্ত ঋণ/বিনিয়োগের বিপরীতে সুদ/মুদ্রাণ তহুফি প্রাপ্তির জন্য প্রয়োজনীয় তথ্যসমূহ
 ----- তারিখ ভিত্তিক
 (যে প্রোথালিকের জন্য তহুফির আবেদন করা হয়েছে সে প্রোথালিকের শেষ তারিখ (৩১ মার্চ/৩০ জুন/৩০ সেপ্টেম্বর/৩১ ডিসেম্বর) ভিত্তিক)

ব্যাহকের নাম:

(টাকার অংকে)

ক্রম	ঋণ/বিনিয়োগ প্রার্থী প্রতিষ্ঠানের নাম	ঋণ/বিনিয়োগ প্রার্থী প্রতিষ্ঠানের Tax Identification Number (TIN)	ঋণ/বিনিয়োগ প্রার্থী প্রতিষ্ঠানের BIN	ঋণ/বিনিয়োগ বিভরণের তারিখ	ঋণ/বিনিয়োগের মেরাদ উত্তীর্ণের তারিখ	বিতরণকৃত ঋণ/বিনিয়োগের পরিমাণ	ঋণ/বিনিয়োগের স্থিতি (— তারিখ ভিত্তিক)	৪% যারে আরোপিত মোট সুদ/মুদ্রাণ পরিমাণ	প্রদত্ত কর্তৃক পরিশোধিত মোট অর্থের পরিমাণ	৪% যারে আবেদনকৃত তহুফির মোট পরিমাণ (বিতরণকৃত ঋণ/বিনিয়োগের উপর)	বাল্যোদ্যোগ ব্যয়কে কর্তৃক সুদ/মুদ্রাণ তহুফি বাবদ পুনর্ভরণকৃত মোট অর্থের পরিমাণ
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)	(১০)	(১১)	(১২)

স্বাক্ষর
নাম ও পদবীসহ

সংযোজনী-গ এর বিবরণে যোগাযোগের জন্য

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম:

পদবী:

অফিস ফোন নং:

মোবাইল ফোন নং:

বিআরপিডি সার্কুলার নং-১৬/২০২১ এর আওতায় পর্যটন খাতের জন্য গঠিত প্রণোদনা প্যাকেজ সংশ্লিষ্ট তথ্য বিবরণী

ব্যাহকের নাম:

(টাকায়)

ক্রম	ঋণ/ বিনিয়োগ গ্রহীতা প্রতিষ্ঠানের নাম	সংশ্লিষ্ট পার্শ্বিকে বিতরণকৃত ঋণ/বিনিয়োগের পরিমাণ	সংশ্লিষ্ট গ্রাহকের অনুকূলে পৃষ্ঠাভূত ঋণ/বিনিয়োগের স্থিতি (সর্বশেষ ত্রৈমাসিক ভিত্তিক)	আলোচ্য প্যাকেজের আওতায় সুবিধাপ্রাপ্ত কর্মচারীর সংখ্যা	মন্তব্য
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)

স্বাক্ষর
নাম ও পদবীসহ

সংযোজনী- এর বিষয়ে যোগাযোগের জন্য

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম :

পদবী:

অফিস ফোন নং:

মোবাইল ফোন নং:

ই-মেইল:



বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।



ব্যাবস্থাপনা ও নীতি বিভাগ

সূত্র নং: বিআরপিডি(পি-১)/৬৬১/১৩/২০২১-৬১৬৪

ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

উপ-ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়-২
বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
নং: ৯/৭ তারিখ: ২০/৭/২১
বিভাগ: MM(OP)

তারিখ: ১৬ জুলাই ২০২১ সচিবালয়
বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
নং: ২৫২ তারিখ: ২০/৭/২১
* প্রিভেট
* প্রিভেট
* প্রিভেট
* সভার কার্যপত্র পেশ করণ
* সভার কার্যপত্র পেশ করণ
* সভার কার্যপত্র পেশ করণ
* সভার কার্যপত্র পেশ করণ

প্রিয় মহোদয়,

পর্যটন খাতের হোটেল/মোটেল/খিম পার্ক-এর কর্মচারীদের বেতন-ভাতা পরিশোধের লক্ষ্যে ব্যাংক ব্যবস্থার মাধ্যমে ৪(চার) শতাংশ সুদে ১(এক) হাজার কোটি টাকা ওয়ার্কিং ক্যাপিটাল ঋণ/বিনিয়োগ সুবিধা প্রদান এসঙ্গে।

উপরোক্ত বিষয়ে ১৫ জুলাই ২০২১ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-১৬ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২) উক্ত সার্কুলারের অনুচ্ছেদ নং-৩ এ এই মর্মে নির্দেশনা প্রদান করা হয়েছে যে, এ প্যাকেজের আওতায় ঋণ/বিনিয়োগ প্রদানের লক্ষ্যে আপনাদের ব্যাংক হতে আগামী ২৫ জুলাই ২০২১ তারিখের মধ্যে সীমা সংক্রান্ত তথ্য প্রাপ্তির পর চাহিদা ও তহবিলের পর্যাপ্ততার উপর ভিত্তি করে এ কার্যালয় কর্তৃক চূড়ান্ত সীমা নির্ধারণ করে আপনাদেরকে অবহিত করা হবে এবং সে মোতাবেক আপনারা ঋণ/বিনিয়োগ কার্যক্রম পরিচালনা করবেন। তাছাড়া মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত আলোচ্য প্রণোদনা প্যাকেজ দ্রুততম সময়ের মধ্যে বাস্তবায়নের লক্ষ্যে এ কার্যালয় কর্তৃক চূড়ান্ত সীমা নির্ধারণ করার পূর্ব পর্যন্ত প্রতিটি ব্যাংক তাদের নিজস্ব সীমা নির্ধারণপূর্বক উক্ত সীমার উপর ভিত্তি করে ঋণ/বিনিয়োগ কার্যক্রম আরম্ভ করতে পারবে মর্মেও নির্দেশনা প্রদান করা হয়।

০৩) আলোচ্য প্যাকেজের আওতায় ঋণ/বিনিয়োগ বিতরণের জন্য নির্দিষ্ট পরিমাণ তহবিল রয়েছে এবং উক্ত তহবিল হতে ব্যাংকসমূহের চাহিদার ভিত্তিতে আনুপাতিক হারে এ কার্যালয় কর্তৃক চূড়ান্ত সীমা নির্ধারণ করে আপনাদেরকে অবহিত করা হবে। এ কার্যালয় কর্তৃক নির্ধারিত সীমা হতে নভেল করোনা ভাইরাস (COVID-19) এর চলমান সংক্রমণের কারণে ক্ষতিগ্রস্ত হোটেল/মোটেল/খিম পার্ক-এর অধিক সংখ্যক প্রতিষ্ঠানের অনুকূলে ঋণ/বিনিয়োগ সুবিধা প্রদানের লক্ষ্যে নিম্নবর্ণিত নির্দেশনাসমূহ অনুসরণীয় হবে:

ক) পর্যটন খাতের হোটেল/মোটেল/খিম পার্ক-এ ক্ষতিগ্রস্ত যেসকল প্রতিষ্ঠান বর্তমানে ব্যাংক হতে ওয়ার্কিং ক্যাপিটাল ঋণ/বিনিয়োগ সুবিধা ভোগ করছে সেসকল প্রতিষ্ঠানে কর্মরত কর্মচারীদের বেতন-ভাতা পরিশোধের নিমিত্ত এ প্যাকেজের আওতায় ঋণ/বিনিয়োগের সীমা হবে ৩১ ডিসেম্বর ২০২০ তারিখে ঋণ/বিনিয়োগ-গ্রহীতার বিদ্যমান ওয়ার্কিং ক্যাপিটাল বাবদ মঞ্জুরীকৃত/প্রদত্ত সীমার সর্বোচ্চ ৩০%;

খ) পর্যটন খাতের হোটেল/মোটেল/খিম পার্ক-এ ক্ষতিগ্রস্ত যেসকল প্রতিষ্ঠান বর্তমানে ব্যাংক হতে ওয়ার্কিং ক্যাপিটাল ঋণ/বিনিয়োগ সুবিধা ভোগ করছে না সেসকল প্রতিষ্ঠানের ক্ষেত্রে ঋণ/বিনিয়োগ প্রদানকারী ব্যাংকের বিদ্যমান নীতিমালার আওতায় ওয়ার্কিং ক্যাপিটাল বাবদ ঋণ/বিনিয়োগের প্রাপ্যতা সীমা নির্ধারণপূর্বক উক্ত সীমার সর্বোচ্চ ৩০% প্রাপ্য হবে।

০৪) অনুচ্ছেদ ৩(ক) ও ৩(খ)-এ উল্লিখিত নির্দেশনাসহ সূত্রোক্ত সার্কুলারের অন্যান্য নির্দেশনাসমূহ অনুসরণপূর্বক আলোচ্য প্যাকেজের আওতায় ঋণ/বিনিয়োগ বিতরণ কার্যক্রম পরিচালনা করার জন্য আপনাদেরকে পরামর্শ প্রদান করা হলো।

মহাব্যবস্থাপক (প্রশাসন) এর দপ্তর
নং- ৬৪ তারিখ ২০/০৭/২১
উমব্য.এইচআরএমডি- /ক্রেডিট/বাণিজ্য/
প্রকিউরমেন্ট/বিসিবিডি/আদায়
মহাব্যবস্থাপক

আপনাদের বিশ্বস্ত,
(মোঃ আলী আকবর ফরাজী)
মহাব্যবস্থাপক